

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
স্থানীয় সরকার বিভাগ
জনস্বাস্থ্য প্রকৌশল ভবন

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনী, কাকরাইল, ঢাকা-১০০০

স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(১).২০১৭- ২০০২

তারিখঃ ১৪.০৬.২০১৮ খ্রি:

বিষয়: উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের সম্মতি ও অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য আপনার উপজেলা হতে প্রেরিত নিম্নোক্ত সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সম্মতি প্রদান করা হলো। উপ-প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পরিমাণ অর্থ অগ্রীম বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত এই অর্থ প্রকল্পের একাউন্ট হতে উপজেলা পরিষদের প্রকল্পের নামীয় একাউন্টে স্থানান্তর করা হবে। এই অগ্রীম বরাদ্দ প্রদানে স্থানীয় সরকার বিভাগের ১২/০৪/২০১৮ খ্রিঃ তারিখের ৪৬.০৪৫.০১৪.০০.০০.১১.২০১৬-৫৯৮ নং পত্রের অনুমোদন রয়েছে।

প্রকল্প নং	প্রকল্পের শিরোনাম	বরাদ্দকৃত অগ্রিম (ভ্যাট ও কর ব্যতীত) টাকা
CD-২০১৭-২০১৮-৩০৫৪৮৭-০১	মাটির উর্বরতা ও স্বাস্থ্য রক্ষার নিমিত্তে জৈব সার উৎপাদন ও ব্যবহারের জন্য কৃষক প্রশিক্ষণ।	১৪১৪৮০.০০
CD-২০১৭-২০১৮-৩০৫৪৮৭-০২	প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও স্কুল ম্যানেজিং কমিটির সভাপতিদের বিদ্যালয় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।	১৪৪৫৩০.০০
CD-২০১৭-২০১৮-৩০৫৪৮৭-০৩	সিএইচসিপীদের নন-কমিউনিকেশন ডিজিজ এর ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ।	১৪৬২০০.০০
CD-২০১৭-২০১৮-৩০৫৪৮৭-০৪	বাল্যবিবাহ, মাদক, নারী নির্যাতন এবং সন্ত্রাস নিরসনে সচেতনতামূলক প্রশিক্ষণ।	১৫০২০০.০০
CD-২০১৭-২০১৮-৩০৫৪৮৭-০৫	আধুনিক পদ্ধতিতে মাছ চাষ ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।	১৩১০৮০.০০
CD-২০১৭-২০১৮-৩০৫৪৮৭-০৬	আধুনিক পদ্ধতিতে পোলটি (টার্কি, কবুতর, হাঁস ও ব্রয়লার) পালন বিষয়ক প্রশিক্ষণ।	১৪২০০০.০০
CD-২০১৭-২০১৮-৩০৫৪৮৭-০৭	মাল্টিমিডিয়ায় মাধ্যমে ক্লাস পরিচালনায় শ্রেণী শিক্ষকদের সক্ষমতা উন্নয়নে আইসিটি প্রশিক্ষণ।	১৪৪৫১০.০০
মোট=দশ লক্ষ টাকা		১০০০০০০.০০

১. বরাদ্দকৃত অর্থ অত্র পত্রের সাথে সংযুক্ত সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণ করে ব্যয় করতে হবে।
২. সকল উপ-প্রকল্প প্রস্তাবনা সংশ্লিষ্ট উপজেলা কমিটির মাধ্যমে উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপন করতে হবে।
৩. উপ-প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতায় দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করবেন এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে দ্বৈততা পরিহার করা হয়েছে এ মর্মে প্রত্যয়ন প্রদান করবেন।

(মোঃ মহসিন)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ৯৩৪৬১৬৭

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর
- ২। উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা।
৩. যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৪. জেলা প্রশাসক, মাদারীপুর।
৫. উপ পরিচালক স্থানীয় সরকার, মাদারীপুর।
৬. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, জাইকা, ঢাকা।
৭. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেশন, শিবচর, মাদারীপুর।